



## এনএসইউতে আলোকচিত্র প্রদর্শনী

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (এমসিজে) প্রোগ্রাম এবং এনএসইউ টিভি, রেডিও ও ডিজিটাল ল্যাব 'আলোকচিত্রে ছাত্র-জনতার বিপ্লব' শীর্ষক একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করেছে। এনএসইউ প্লাজা এরিয়ায় বুধবার সকাল ১০টা থেকে প্রদর্শনী শুরু হয়।

আলোকচিত্র প্রদর্শনীতে উপস্থিত ছিলেন- প্রখ্যাত আলোকচিত্র শিল্পী, সাংবাদিক ও সমাজকর্মী শহীদুল আলম, লেখক ও নৃবিজ্ঞানী রেহনুমা আহমেদ, এনএসইউ'র উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) ও কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব

খান, এনএসইউ'র সহকারী অধ্যাপক ড. শরীফুল ইসলাম ইমশিয়াত, এনএসইউ'র সহকারী অধ্যাপক ড. মো. তৌফিক ই এলাহী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক তাহমিদ আল মুদাচ্ছির এবং এনএসইউ'র অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীরা।

ছাত্র-গণবিপ্লবের ধারণকৃত শক্তিশালী মুহূর্তগুলো প্রতিফলিত করার উদ্দেশ্যে এই আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। আগামী ২৭ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এনএসইউ প্লাজা এরিয়াতে প্রদর্শনীটি চলবে। সংবাদ বিজ্ঞপ্তি